

💵 নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (১২৩) কুরআন মাজীদে পুলসিরাত পার হওয়ার দলীল কি?

উত্তরঃ কিয়ামতের দিন জাহান্নামের উপরে পুলসিরাত স্থাপন করা হবে। আল্লাহ তাআ'লা বলেনঃ

وَإِنْ مِنْكُمْ إِلَّا وَارِدُهَا كَانَ عَلَى رَبِّكَ حَتْمًا مَقْضِيًّا ثُمَّ نُنَجِّي الَّذِينَ اتَّقَوْا وَنَذَرُ الظَّالِمِينَ فِيهَا جِثِيًّا

"তোমাদের মধ্যে এমন কেউ নেই যে তথায় পৌঁছবেনা। এটা আপনার পালনকর্তার অনিবার্য ফয়সালা। অতঃপর আমি আল্লাহ ভীরুদেরকে উদ্ধার করবো এবং জালেমদেরকে সেখানে নতজানু অবস্থায় ছেড়ে দিবো"। (সূরা মারইয়ামঃ ৭১-৭২) আল্লাহ তাআ'লা বলেনঃ

يَوْمَ تَرَى الْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ يَسْعَى نُورُهُمْ بَيْنَ أَيْدِيهِمْ وَيِأَيْمَانِهِمْ

"সেদিন আপনি মুমিন নর-নারীদেরকে দেখবেন যে, তাদের সামনে ও ডান পার্শ্বে তাদের নূর ছোটাছুটি করবে"। (সূরা হাদীদঃ ১২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11937

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন